# অক্টোবরে আংশিক আন্তর্জাতিক ফ্লাইট চালুর পথে কক্সবাজার বিমানবন্দর




সংগৃহীত ছবি

কক্সবাজার বিমানবন্দরে অক্টোবরের মাঝামাঝি থেকে আংশিক আন্তর্জাতিক ফ্লাইট চালু হতে পারে বলে জানিয়েছেন বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিক। নতুন টার্মিনাল ও সমুদ্রের বুকে নির্মাণাধীন রানওয়ের কাজ দ্রুত এগোচ্ছে।

কক্সবাজার বিমানবন্দরে আগামী অক্টোবরের মাঝামাঝি সময় থেকে আংশিকভাবে আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনার সম্ভাবনা রয়েছে।

রোববার (১৭ আগস্ট) দুপুরে বিমানবন্দরের দ্বিতীয় টার্মিনাল ও সমুদ্রের বুকে নির্মিতব্য রানওয়ের কাজ পরিদর্শন শেষে এ তথ্য জানান বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিক।

তিনি বলেন, "আজকের পরিদর্শনে মনে হয়েছে আগামী অক্টোবরের মাঝামাঝি আংশিকভাবে হলেও কক্সবাজার বিমানবন্দর থেকে আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনা করা সম্ভব হবে। কাজ পুরোপুরি শেষ না হলেও ফ্লাইট চালুর জন্য প্রাথমিক প্রস্তুতি প্রায় সম্পন্ন।"

বেবিচক চেয়ারম্যান আরও উল্লেখ করেন, "এই বিমানবন্দর শুধু পর্যটন শিল্প নয়, দেশের অর্থনৈতিক উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কক্সবাজারকে আন্তর্জাতিক গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করার পরিকল্পনা নিয়ে আমরা এগোচ্ছি।"

এ সময় প্রকল্প পরিচালক ইউনূস ভূঁইয়া, বিমানবন্দরের ব্যবস্থাপক গোলাম মূর্তজা হাসানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

LENS ASIA